7

দৈনিক বাংলা

তারিখ 07 JUL 1996
পৃষ্ঠা ৭ কলাম ৬

# মসজিদভিত্তিক গণশিক্ষা শুরু

নিজস্ব সংবাদদাতা ঃ গাইবান্ধা।– সবার জন্য শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে গাইবান্ধা জেলায় বিভিন্ন এনজিওর পাশাপাশি ইসলামিক ফাউন্ডেশনও ব্যাপক কার্যক্রম পরিচালনা করছে।

১৯৯৩ সাল থেকে বর্তমান শিক্ষা বছর পর্যন্ত এই জেলার ৩টি থানায় এই কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ পর্যন্ত ২ হাজার ৭শ' ৯০ জন শিশু এবং বয়স্ক লোককে মসজিদভিত্তিক গণশিক্ষা কার্যক্রমের আওতায় নেয়া হয়েছে। এর মধ্যে ১ হাজার ৯শ' ৫০ জন শিশু এবং ৮শ' ৪০ জন বয়স্ক লোক এ সময় শিক্ষা গ্রহণের সুযোগ পেয়েছে।